দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1992 পৃষ্ঠা 2 কলাম 6

22

58

### পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশের টিয়ার গ্যাস

# ক্যাম্পাসে হাসিনা ও মন্টু ছাত্রলীগে সংঘর্ষ : একজন ছুরিকাহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে সোমবার মন্টু সমর্থক ছাত্রলীগের (মি–ল) এক কর্মী ছুরিকাহত হয়। ছাত্রলীগ (মি–ল) কর্মীরা এর পাল্টা ব্যবস্থা হিসাবে ছাত্রলীগ (ম–ই) কর্মীদের কলাভবন ও মধুর ক্যান্টিন এলাকা থেকে ধাওয়া করে হটিয়ে দেয়।

জহুরুল হক ছাত্র সংসদের ক্রীড়া সম্পাদক এবং ছাত্রলীগ (মি–ল) কর্মী মহিউদ্দীন দুপুরে টিএসসির মোড়ে ছুরিকাহত হন। তার গলায় ক্ষুরের পোঁচ দেয়া হয় এবং মাথায় রাইফেলের বাট দিয়ে আঘাত করা হয়। গুরুতর আহত মহিউদ্দীন ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ছাত্রলীগ (মি–ল) এ ঘটনার জন্য ছাত্রলীগকে (ম–ই) দায়ী করেছে। ছাত্রলীগের (মি–ল) একদল জঙ্গী

(৭–এর পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে হাসিনা

(প্রথম পাতার পর)

কর্মী দুপুর পৌনে দুইটায় কলাভবন, মধুর ক্যান্টিন এবং হাকিম চত্বর থেকে ছাত্রলীগের (ম–ই) সব নেতা–কর্মীকে ধাওয়া করে হটিয়ে দেয়। এ সময় ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি হলে পুলিশ কয়েক রাউন্ড টিয়ার গ্যাস ছোঁড়ে।

ছাত্রলীগের (মি–ল) সভাপতি মিজানুর রহমান আজাদ এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মিজানুর রহমান আরজু এক বিবৃতিতে মহিউদ্দীনের ওপর হামলার জন্য শেখ হাসিনার 'আশীর্বাদপুষ্ট' ছাত্রলীগ (ম–ই) কর্মীদের দায়ী করেছেন। বিবৃতিতে তারা হামলাকারীদের গ্রেফতার ও শাস্তির দাবী জানান। গতকাল দুপুরে ঘটনার পর ছাত্রলীগ (মি–ল) তাৎক্ষণিকভাবে একটি প্রতিবাদ মিছিল বের করে। মিছিল শেষে ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে অনুষ্ঠিত এক প্রতিবাদ সমাবেশে বক্তৃতা করেন মিজানুর রহমান আরজু ও আব তাহের। সমাবেশে ছাত্রলীগ (ম–ই) নেতা–কর্মীদের ক্যাম্পাসে 'অবাঞ্ছিত' ঘোষণা করা হয়।